

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো  
১৫৩, পাইওনিয়ার রোড, সেগুনবাগিচা, ঢাকা  
[www.bomd.gov.bd](http://www.bomd.gov.bd)

২০১৯-২০ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল (National Integrity Strategy) বাস্তবায়নের লক্ষ্যে খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)-এর দ্বিতীয় কোয়ার্টারের নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি : মোঃ জাফর উল্লাহ  
মহাপরিচালক (অতিরিক্ত সচিব) খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো।  
তারিখ : ২৫ নভেম্বর ২০১৯  
সময় : বেলা ১২.০০ টা  
স্থান : খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)-এর সভা কক্ষ  
উপস্থিত সদস্য : পরিশিষ্ট-ক

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতি সভার শুরুতে জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে এ দপ্তর কর্তৃক প্রণীত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০১৯-২০ বাস্তবায়নের বিভিন্ন দিক পর্যালোচনা করেন। দ্বিতীয় কোয়ার্টারের উল্লেখযোগ্য লক্ষ্যমাত্রা ছিল সুশাসন প্রতিষ্ঠার নিমিত্তে অংশীজনের অংশগ্রহণে সভার আয়োজন, কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে চাকুরী সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন, স্ব স্ব ওয়েব সাইটে তথ্য হালনাগাদকরণ, দুর্নীতি প্রতিরোধ বিষয়ক কর্মশালার আয়োজন ইত্যাদি। অতঃপর আলোচ্যসূচী অনুযায়ী নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্র.নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
২.১	সভায় জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে এ দপ্তর কর্তৃক প্রণীত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০১৯-২০ বাস্তবায়নের অংশ হিসেবে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্তে অংশীজনের অংশগ্রহণে সভার আয়োজন করার নির্দেশনা প্রদান করা হয়।	সিলেট/নীলফামারী জেলার পাথর কোয়ারি/ বালু মিশ্রিত পাথর কোয়ারিতে অংশীজনের অংশগ্রহণে সভার আয়োজন করার সিদ্ধান্ত গৃহীত হয়।	সংশ্লিষ্ট কর্মকর্তা
২.২	সভায় কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে চাকুরী সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজনের নির্দেশনা প্রদান করা হয়। সে লক্ষ্যে ০৫.১২.২০১৯ তারিখে চাকুরী সংক্রান্ত একটি প্রশিক্ষণের আয়োজন করতে নির্দেশ প্রদান করা হয়। কর্ম-পরিকল্পনা অনুযায়ী উক্ত প্রশিক্ষণে প্রশিক্ষক হিসেবে থাকবেন জনাব মুহম্মদ গোলামুর রহমান, পরিচালক (উপসচিব) এবং প্রশিক্ষার্থী হিসেবে থাকবেন এ দপ্তরের তৃতীয় ও চতুর্থ শ্রেণীর কর্মচারীগণ।	০৪.১২.২০১৯ তারিখে কর্মচারীদের অংশগ্রহণে চাকুরী সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়।	কোর্স সমন্বয়কারী
২.৩	জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০১৯-২০ এর ৮.২ ক্রমিকের আওতায় শাখা/অধিশাখা এবং অধীনস্থ অফিস পরিদর্শনের লক্ষ্যমাত্রা রয়েছে। সভাপতি ডিসেম্বর/২০১৯ এ অফিস পরিদর্শন করবেন বলে অভিমত ব্যক্ত করেন।	ডিসেম্বর/২০১৯ এ বিএমডির অফিস পরিদর্শনের সিদ্ধান্ত গৃহীত হয়।	নৈতিকতা কমিটি

২.৪	জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০১৯-২০ এর ৮.৬ ক্রমিকের আওতায় প্রাতিষ্ঠানিক গণশুনানী আয়োজনের লক্ষ্যমাত্রা রয়েছে। সভাপতি কোয়ারি ইজারা প্রদান সংক্রান্ত গণশুনানী আয়োজনের জন্য নোটিস জারির নির্দেশনা প্রদান করেন। ৯.৪ ক্রমিকের আওতায় দুর্নীতি প্রতিরোধ বিষয়ক প্রশিক্ষণ আয়োজন এবং ৯.৫ ক্রমিকের আওতায় দুর্নীতি বিরোধী প্রচারপত্র, ব্লোগান ও লিফলেট বিতরণ ও প্রদর্শনের নির্দেশনা রয়েছে বলে শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা মোসাঃ মাহবুবা খাতুন, সহকারী পরিচালক (ভূতত্ত্ব) সভাকে অবহিত করেন।	ক) ১০.১২.২০১৯ তারিখে কোয়ারি ইজারা প্রদান সংক্রান্ত গণশুনানী আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়। খ) ডিসেম্বর/২০১৯ এ দুর্নীতি প্রতিরোধ বিষয়ক প্রশিক্ষণ আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়।	নৈতিকতা কমিটি
২.৫	সভাপতি স্ব স্ব ওয়েব সাইটে এবং তথ্য বাতায়নে সংযোজিত সংশ্লিষ্ট তথ্যসমূহ হালনাগাদকরণ রাখার উপর গুরুত্বারোপ করেন। তিনি বিএমডি'র ওয়েবসাইট হালনাগাদকরণ সম্পর্কে জানতে চাইলে আইসিটি কর্মকর্তা জনাব এস.এম আশরাফুল আবেদীন আশা, সহকারী পরিচালক (সংযুক্ত) সভাকে অবহিত করেন যে, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০১৯-২০ এর ১ম কোয়ার্টারের লক্ষ্যমাত্রা অনুযায়ী ১৫.১০.২০১৯ তারিখের মধ্যে ওয়েবসাইটে সেবা সংক্রান্ত টোল ফ্রি নম্বরসমূহ স্ব স্ব তথ্য বাতায়নে দৃশ্যমানকরণ, শুদ্ধাচার সেবা বক্স হালনাগাদকরণ, তথ্য অধিকার সেবা বক্স হালনাগাদকরণ, অভিযোগ প্রতিকার ব্যবস্থা সেবাবক্স হালনাগাদকরণ করা হয়েছে।	স্ব স্ব ওয়েব সাইটে এবং তথ্য বাতায়নে সংযোজিত সংশ্লিষ্ট তথ্যসমূহ হালনাগাদকরণ অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।	সহকারী পরিচালক (সংযুক্ত) /আইসিটি কর্মকর্তা

৩.০ সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত কমিটির সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


স্বাক্ষরিত  
মোসাঃ মাহবুবা খাতুন  
সহকারী পরিচালক (ভূতত্ত্ব)  
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)-এর পক্ষে  
ফোন: ৫৫১৩০৬০৮  
ই-মেইল: [adgeo@bomd.gov.bd](mailto:adgeo@bomd.gov.bd)

২৮.০৭.০০০০.০০৪.৩৬.০০১.১৩

তারিখ: ১৩ অগ্রহায়ণ ১৪২৬  
২৮ নভেম্বর ২০১৯

অনুলিপি: সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে

- ১। কর্মকর্তা (সকল)..... বিএমডি, ঢাকা।
- ২। পি.এ টু মহাপরিচালক/পরিচালক, বিএমডি, ঢাকা;
- ৩। সংশ্লিষ্ট নথি।

  
২৮.১১.২০১৯  
(মোসাঃ মাহবুবা খাতুন)  
সহকারী পরিচালক (ভূতত্ত্ব)